

তারিখ: ২১ মার্চ ২০১০

প্রেস বিজ্ঞপ্তি

২১ মার্চ আন্তর্জাতিক বর্ণ বৈষম্য বিলোপ দিবস ২০১০. ১৯৯৬ সালে জাতিসংঘ দিবসটিকে আন্তর্জাতিক দিবস হিসাবে ঘোষনা করেন। বাংলাদেশে আনুমানিক ৫৫ লাখের মত মানুষ তাদের পেশার কারণে যেমন, মুচি, চামার, কাওরা, জেলে, শিকারী, বুনো, দাই, ধোপা, বাজাদার, শন্দকর, সন্ন্যাসী, কলু, মাস্তা, বেদে, তাঁতী, বেহারা প্রভৃতি জনগোষ্ঠীর মানুষ অস্পৃশ্যতা তথা অপবিত্র জনগোষ্ঠী হিসাবে ক্রমশ: প্রান্তিক ও দলিত হচ্ছে। সমাজের এই রক্ষনশীলতার কারণে রাষ্ট্রীয় সেবা ক্ষেত্র, হোটেল, সেলুন রেস্টুরেন্ট ও অন্যান্য সামাজিক কর্মকাণ্ডে অংশগ্রহণের ক্ষেত্রে বৃহত্তর সমাজের বাধার সম্মুখীন হতে হয় দলিতদের। এই বর্বরতা, নির্যাতন ও অত্যাচারের প্রতিবাদে আজ বাংলাদেশ দলিত অধিকার আন্দোলনের প্রাটফর্ম বাংলাদেশ দলিত পরিষদ ও মানবাধিকার সংগঠন পরিদ্রাণ এর আয়োজনে এবং মানুষের জন্য ফাউন্ডেশনের সহযোগীতায় সহস্রাধিক দলিত জনগোষ্ঠী খুলনা নগরীর প্রাণকেন্দ্র শহীদ হাদিস পার্ক থেকে এক বর্ণাঢ্য র্যালী বাস্তবায়ন শেষে জিয়া হলে জাতীয় দলিত মহাসমাবেশে মিলিত হয়। বর্ণাঢ্য র্যালীতে হাজার হাজার দলিত জনগোষ্ঠীসহ মাননীয় মেয়র তালুকদার আবদুল খালেক উদ্বোধন করেন। এ সময় আরও উপস্থিত ছিলেন রূপসা উপজেলার চেয়ারম্যান শেখ আলী আকবার।

বাংলাদেশ দলিত পরিষদ, খুলনা শাখার সভাপতি বাবু কালিপদ দাসের সভাপতিত্বে এবং দলিত পরিষদের কেন্দ্রীয় কমিটির সমন্বয়ক বিকাশ দাশের পরিচালনায় উক্ত সম্মেলনে প্রধান অতিথির বক্তব্য রাখেন খুলনা সিটি করপোরেশনের মাননীয় মেয়র তালুকদার আবদুল খালেক। তিনি বলেন, অবহেলিত ও দলিত জনগোষ্ঠীর মৌলিক মানবাধিকার সুরক্ষা করা বর্তমান গণতান্ত্রিক সরকারের রাজনৈতিক অঙ্গিকার। ডিজিটাল বাংলাদেশ গড়তে হলে এই অবহেলিত দলিত শ্রেণীর মানুষদের মূলস্রোতধারায় নিয়ে আসতে হবে। এছাড়া দলিতদের প্রতি সহিংসতা প্রতিরোধে তিনি দলিতদের মর্যাদা প্রতিষ্ঠার ১৫ দফা দাবির সাথে একাত্মতা ঘোষনা করেন।

এ সময় দলিতদের সমস্যা ও করণীয় শীর্ষক আলোচনা করেন পরিদ্রাণের নির্বাহী পরিচালক মিলন দাস এবং মুখ্য আলোচনা করেন দলিত নেত্রী দিপালী দাস।

দলিত জনগোষ্ঠীর মানবাধিকার ও মর্যাদা প্রতিষ্ঠা জন্য এই উদ্যোগকে সাধুবাদ জানিয়ে বক্তব্য রাখেন বিশেষ অতিথি বাবু উদয় দাস, সভাপতি, বাংলাদেশ দলিত পরিষদ, সুসমা রানী দাস, আহবায়ক, দলিত ফোরাম, সাধারণ সম্পাদক অশোক দাস, বাগেরহাট জেলা সভাপতি কালিদাস, নড়াইল জেলা সভাপতি বিশ্বজিত দাস, দলিত নেতা বীরেন দাস, কুষ্টিয়া সভাপতি বিকাশ দাস, সুধীর দাস, সুধাংশু দাস, ওয়ার্ল্ড হিউম্যান রাইটস কমিশন, খুলনা এর শেখ কামাল হোসেন প্রমুখ।

অনুষ্ঠানে মানুষের জন্য ফাউন্ডেশনের পরিচালক রীনা রায় দলিতদের মর্যাদা প্রতিষ্ঠা সংগ্রামের এক ঐতিহাসিক কর্মসূচী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধান মন্ত্রী বরাবর গণ চিঠি প্রেরণ কার্যক্রমের উদ্বোধন করেন। সাথে সাথে খুলনা বিভাগের ১০টি জেলা থেকে হাজার হাজার দলিত মানুষ তাদের দাবি সমূহ লিখে মহাসমাবেশের প্রতিকী ডাকবক্সে চিঠি প্রেরণ করেন। হীনমন্যতায় জর্জরিত দলিত জনগোষ্ঠীর মানুষদের জন্য এই কর্মসূচী একটি ঐতিহাসিক পরিবর্তনের সূচনা করল।

জাতীয় দলিত মহাসমাবেশের মাধ্যমে দলিত জনগোষ্ঠীর মানবাধিকার প্রতিষ্ঠার আন্দোলন সমাজ ও রাষ্ট্রের নিকট গ্রহণযোগ্য এবং রাষ্ট্রসংঘের সর্বস্তরে দলিতদের প্রতিনিধিত্ব নিশ্চিত হবে এই প্রত্যাশা ব্যক্ত করার মাধ্যমে সমাবেশে দলিতদের জীবন চিত্র বিষয়ক ভিডিও চিত্র প্রদর্শনী করা হয়।

দূর হোক বৈষম্য, প্রতিষ্ঠা হোক দলিতদের মর্যাদা এই শ্লোগানকে সামনে রেখে সমগ্র দলিত জনগোষ্ঠীর মানুষদের বাংলাদেশ দলিত পরিষদের প্রাটফর্মের ছায়াতলে এসে মানবাধিকার প্রতিষ্ঠার আন্দোলনকে বেগবান রাখার গুণ্ধতা আহবান জানান সমাবেশের সভাপতি ও দলিত পরিষদের নেতৃবৃন্দ।

বার্তা প্রেরক-

(বিকাশ দাশ)

সমন্বয়কারী

বাংলাদেশ দলিত পরিষদ

A`vqx tK>`tq mwPej qt cwi T vY gmbi vgcj kvLv, M0gt `M0cj, WwK+Dc tRj vt gmbi vgcj, h t kvi |
t gvevt01720-587172, t d vbt 0422778176, B t g j t paritran @ Yahoo.com